34

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JUN 1997
পৃষ্ঠা 7 কলাম 8

# সেপ্টেম্বরে ডাকসু নির্বাচন

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'ডাকসু'র বর্তমান কমিটি ভাঙ্গিয়া দিয়া নূতন নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়াছে। এই লক্ষ্যে ডাকসু নির্বাচন অনুষ্ঠানের পূর্বেই বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা শেষ করা হইবে। গতকাল সংবাদপত্র সম্পাদক ও সিনিয়র সাংবাদিকদের সহিত মতবিনিময়কালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এ,

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ডাকসু নির্বাচন

(১ম পৃঃ পর)

কে আজাদ চৌধুরী জানান, সেপ্টেম্বরের পূর্ব নাগাদ সকল পরীক্ষা শেষ হইলে সেপ্টেম্বরেই ডাকসু নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ নেওয়া হইবে। তিনি বলেন, 'ডাকসু' ভাঙ্গিয়া দিয়া নূতন নির্বাচনের পক্ষে সংশ্লিষ্ট সকলে একমত হইয়াছে। ছাত্রদল এ ব্যাপারে কিছুটা ভিন্নমত ব্যক্ত করিলেও পরবর্তীতে কথাবার্তায় তাহারা মোটামুটি ইতিবাচক সাড়া দিয়াছে।